

পুনঃ বিজ্ঞপ্তি

১। বাংলাদেশ বিমান বাহিনী শাহীন কলেজ কুর্মিটোলার বার্ষিক কলেজ ম্যাগাজিন “প্রবাহ ২০২৬” মুদ্রণের জন্য বৈধ লাইসেন্সধারী এবং মুদ্রণ কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রতিষ্ঠানের নিকট হতে নিজস্ব প্যাডে বন্ধ খামে সীল মোহরকৃত দরপত্র আহ্বান করা যাচ্ছে। আগামী ২৯ অক্টোবর ২০২৬ তারিখ হতে ০৮ নভেম্বর ২০২৬ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময় ৫০০/- (পাঁচ শত) টাকা অফেরতযোগ্য জমাদান সাপেক্ষে দরপত্র সিডিউল ও শর্তাবলী সংগ্রহ করা যাবে। এছাড়াও আগামী ০৯ নভেম্বর ২০২৬ তারিখ দুপুর ১২০০ ঘটিকা পর্যন্ত কলেজ অফিসে রক্ষিত টেন্ডার বাক্সে দরপত্র জমা দেয়া যাবে। উক্ত দরপত্র একই দিনে বেলা ১২৩০ ঘটিকায় দরপত্র দাতা অথবা তার প্রতিনিধি (যদি কেউ উপস্থিত থাকেন) এর সম্মুখে দরপত্র খোলা হবে।

ক। দরপত্রদাতার নিজস্ব প্রেস এর মালিকানার সত্যায়িত কপি ও তার ০২ কপি ছবি।

খ। ট্রেড লাইসেন্স, ভ্যাট, আইটি নিবন্ধন ও ব্যাংক সলভেন্সি সার্টিফিকেটের ফটোকপি জমা দিতে হবে।

গ। সর্বনিম্ন দরদাতাকে নিরাপত্তা জামানত হিসেবে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা (ফেরতযোগ্য) বি এ এফ শাহীন কলেজ কুর্মিটোলার অধ্যক্ষের অনুকূলে ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার জমা দিতে হবে (চেক গ্রহণযোগ্য নয়)।

ঘ। ছাপানো গুরুত্ব প্রাপ্ত কলেজ কর্তৃপক্ষ কর্তৃক ম্যাগাজিন “প্রবাহ ২০২৬” এর ডায়েরি কপি অনুমোদন করে নিতে হবে।

২। কার্যাদেশ প্রাপ্তির পর ৩০ দিনের মধ্যে ম্যাগাজিন কলেজে সরবরাহ করতে হবে।

৩। ম্যাগাজিন সরবরাহ করার পর বিলের সমুদয় টাকা পরিশোধ করা হবে। কোন আংশিক বিল দাবী করা যাবে না।

৪। শর্তের ব্যতিক্রম হলে বিল থেকে অর্থ কর্তন করা হবে এবং সরবরাহ দেরী হলে প্রতিদিনের জন্য ২% হারে বিল হতে কর্তন করা হবে।

৫। সর্বনিম্ন দর দাতা অথবা ওয়ার্ক অর্ডার দেওয়ার পরে কেউ কাজ করতে অনীহা প্রকাশ করলে তার জামানতের টাকা বাজেয়াপ্ত বলে গণ্য হবে।

৬। কর্তৃপক্ষ কোন কারন দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র অথবা সকল দরপত্র বাতিল করার ক্ষমতা রাখেন।

কর্তৃপক্ষ